যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৪

১/ বিবিধ

আরবী

من ربى صبيا حتى يقول: لا إله إلا الله لم يحاسبه الله عز وجل
موضوع

أخرجه الخرائطي في " مكارم الأخلاق " (ص 75) وابن عدي (162 / 2) وابن النجار في " ذيل تاريخ بغداد " (10 / 163 / 2) من طريق أبي عمير عبد الكبير ابن محمد بن عبد الله من ولد أنس عن سليمان الشاذكوني حدثنا عيسى بن يونس عن هشام بن عروة عن أبيه عن عائشة مرفوعا
قلت: وهذا سند موضوع عبد الكريم هذا وشيخه الشاذكوني كلاهما متهم بالكذب وقد أورده ابن الجوزي في " الموضوعات " (2 / 178) من طريق ابن عدي بسنده عن عبد الكبير به وقال: لا يصح، قال ابن عدي: لعل البلاء فيه من أبي عمير، قال: وقد رواه إبراهيم بن البراء عن الشاذكوني، وإبراهيم حدث بالبواطيل، وتعقبه السيوطي في " اللآليء " (2 / 90 / 91) بقوله: قلت: أخرجه الطبراني في " الأوسط " عن عبد الكبير به، وله طريق آخر
قلت: ثم ساقه من رواية الخلعي بسنده إلى أبي على الحسن بن علي بن الحسن السريرى الأعسم حدثني أشعث بن محمد الكلاعي حدثنا عيسى بن يونس به ثم قال وأشعث في الأصل: أشعب في الموضعين وهو خطأ ضعيف
قلت: وهذا تعقب لا طائل تحته فإن أشعث هذا لا يعرف إلا في هذا السند ومن أجله أورده في " الميزان " ثم قال: أتى بخبر موضوع يشير إلى هذا، وأقره الحافظ في "

اللسان "، وفي ترجمة إبراهيم بن البراء من " الميزان ": قال
العقيلي: يحدث عن الثقات بالبواطيل، وقال ابن حبان: يحدث عن الثقات
بالموضوعات، لا يجوز ذكره إلا على سبيل القدح فيه، ثم قال: هو الذي روى عن
الشاذكوني عن الدراوردي كذا عن هشام عن أبيه عن عائشة مرفوعا: " من ربي صبيا
حتى يتشهد وجبت له الجنة "، وهذا باطل
قال الذهبي: قلت: أحسب أن إبراهيم بن البراء هذا الراوي عن الشاذكوني آخر صغير،
وقال الحافظ في " اللسان ": إبراهيم بن البراء عن سليمان الشاذكوني بخبر باطل عن
الدراوردي ... الظاهر أنه غير الأول، والشاذكوني هالك، وأما ابن حبان فجعلهما
واحدا
قلت: فقد اتفقت كلمات هؤلاء الحفاظ ابن حبان وابن عدي والذهبي والعسقلاني على
أن هذا الحديث باطل، وجعلوا بطلانه دليلا على اتهام كل من رواه من الضعفاء
والمجهولين، بعكس ما صنع السيوطي من محاولته تقوية الحديث بوروده من
الطريق الأخرى التي فيها أشعث الذي أشار الذهبي إلى اتهامه بهذا الحديث فتأمل
الفرق بين من ينقد ومن يجمع
والحديث أورده السيوطي في " الجامع الصغير " من رواية الطبراني وابن عدي وتعقبه
شارحه المناوي بمختصر ما ذكرناه عن الذهبي والعسقلاني من أنه حديث باطل ثم
تناقض المناوي فاقتصر في " التيسير " على تضعيف إسناده

বাংলা

১১৪। যে ব্যাক্তি কোন শিশুকে লা-ইলাহা ইল্লাল্লাহ বলা পর্যন্ত লালনপালন করবে; আল্লাহ তার হিসাব কিতাব নিবেন না।

হাদীসটি জাল।

হাদীসটি খারায়েতী “মাকারিমূল আখলাক” গ্রন্থে (পৃঃ ৭৫), ইবনু আদী (২/১৬২) এবং ইবনুন নাজ্জার “যায়লু তারীখে বাগদাদ” গ্রন্থে (১০/১৬৩/২) আবূ উমাইর আব্দুল কাবীর ইবনু মুহাম্মাদ সূত্রে তার শাইখ সুলায়মান আশ-শাযকুনী হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ হাদীসটির সনদ জাল। এ আব্দুল কাবীর ও তার শাইখ শাযকনী তারা উভয়ে মিথ্যার দোষে দোষী। হাদীসটি ইবনুল জাওযী তার "আল-মাওযু'আত" গ্রন্থে (২/১৭৮) বর্ণনাকারী আব্দুল কাবীর হতে ইবনু আদীর সূত্রে উল্লেখ করে বলেছেনঃ হাদীসটি সহীহ্ নয়।

ইবনু আদী বলেনঃ সম্ভবত এটির বিপদ হচ্ছে আবূ উমাইরের নিকট হতে। তিনি বলেনঃ এটিকে ইব্রাহীম ইবনু বারা শাযকুনী হতে বর্ণনা করেছেন। এ ইবরাহীম বাতিল হাদীস বর্ণনা করতেন। যাহাবী "আল-মীযান" গ্রন্থে এ ইবরাহীমের জীবনী বর্ণনা করতে গিয়ে উল্লেখ করেছেনঃ উকায়লী বলেনঃ يحدث عن الثقات بالبواطيل তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে বাতিল হাদীস বর্ণনাকারী। ইবনু হিব্বান বলেনঃ يحدث عن الثقات بالموضوعات তিনি নির্ভরশীলদের উদ্ধৃতিতে জাল হাদীস বর্ণনা করেছেন তার সমালোচনা করা ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে তাকে উল্লেখ করাই বৈধ নয়'।

এ হাদীসটি অন্য সূত্রেও বর্ণিত হয়েছে; যেটি সুয়ূতী ইবনুল জাওযীর সমালোচনা করে "আল-লাআলী" গ্রন্থে (২/৯/৯১) উল্লেখ করেছেন। যাতে আশ'য়াস ইবনু মুহাম্মাদ আল-কালাঈ নামক এক বর্ণনাকারী রয়েছেন। তাকে শুধুমাত্র এ হাদীসের সনদেই চেনা যায়। এ জন্যেই যাহাবী তাকে "আল-মীযান" গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ তিনি জাল হাদীস বর্ণনা করেছেন। যাহাবীর এ কথাকে হাফিয ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে সমর্থন করেছেন। এ হাদীসটি বাতিল এ মর্মে হাফিযগণ (ইবনু হিব্বান, ইবনু আদী, যাহাবী, আসকালানী) ঐকমত্য পোষণ করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5375

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন